মেহেরপুর পৌর আওয়ামী লীগসহ চার ইউনিটের সম্মেলন এপ্রিলে

আগামী ৯ এপ্রিল মেহেরপুর, ১০ এপ্রিল গাংনী উপজেলা, ১৮ এপ্রিল মেহেরপুর পৌর এবং ১৯ এপ্রিল মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলনের দিন নির্ধারণ করা হয়েছে।

আজ রবিবার মেহেরপুর সার্কিট হাউস মিলনায়তনে দলীয় নেতাকর্মীদের সাথে বৈঠক শেষ কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক এ সিদ্ধান্ত জানান।

তিনি জানান, আওয়ামী লীগকে সুসংহত করতে ঐক্যবদ্ধতার বিকল্প নেই। দলীয় কোন্দল, গ্রুপিং ও বিভেদ ভুলে গিয়ে দলকে সুসংগঠিত করতে হবে।

বৈঠকে আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য পারভিন জামান কল্পনা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন, সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান, সাবেক সংসদ সদস্য সেলিনা আক্তার বানু, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, সদস্য অ্যাড. আব্দুস সালাম, আসলাম শিহির, সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, সদর উপজেলা সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্নু, মুজিবনগর উপজেলা সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর পৌর সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক আক্কাস আলী, মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানসহ আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতারা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, গতকাল ১৯ মার্চ মেহেরপুর পৌর আওয়ামী লীগ, আজ গাংনী উপজেলা আওয়ামী লীগ, আগামীকাল সদর উপজেলা আওয়ামী লীগ ও ২২ মার্চ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। সম্মেলনকে ঘিরে সকল প্রস্তুতিও সম্পন্ন করছিলো ইউনিটগুলো। মেহেরপুর পৌর আওয়ামী লীগের ওয়ার্ড সম্মেলনকে কোন্দল ও পাল্টা

পাল্টি কমিটি করায় সকল সম্মেলন স্থগিত করে দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক। এবং গতকাল ১৯ মার্চ রাতে বৈঠক করে সিদ্ধান্ত নেওয়ার কথা ছিলো। তার অংশ হিসেবে গতকাল রাতে জেলার নেতাদের সাথে বৈঠকে বসেন তিনি।

কোন্দল নিরসণের পরই কাউন্সিল!

মেহেরপুর পৌর আওয়ামী লীগসহ সকল ইউনিটের বিদ্যমান কোন্দল নিরসণের পরই শান্তিপূর্ণভাবে সম্মেলন করা হবে বলে মত দিয়েছেন আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বিভাগীয় সাংগঠনিক সম্পাদক বি.এম মোজাম্মেল হক।
গতকাল শনিবার রাতে মেহেরপুর সার্কিট হাউস মিলনায়তনে দলীয় নেতাকর্মীদের সাথে মুলতবি বৈঠকে সাংগঠনিক সম্পাদক এমন মত দিয়েছেন বলে একাধিক সূত্র থেকে নিশ্চিত হওয়া গেছে।
রাত ৯টায় শুরু হয়ে ১১ টা পর্যন্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা শেষে সিদ্ধান্ত ছাড়াই মূলতবি রাখা হয়। আজ রবিবার সকাল ১১ টায় আবারো বৈঠকে বসে পরবর্তি করণীয় নির্ধারণ করা হবে বলে জানানো হয়েছে। বৈঠকে আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য পারভিন জামান কল্পনা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান, সাবেক সংসদ সদস্য সেলিনা আক্তার বানু, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, সদস্য অ্যাড. আব্দুস সালাম, আসলাম শিহির, সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নান, সদর উপজেলা সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্নু, মুজিবনগর উপজেলা সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস, মেহেরপুর পৌর সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক আক্কাস আলী, মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফজুর রহমান রিটন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানসহ আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতারা উপস্থিত ছিলেন।
নাম প্রকাশ না করার শর্তে বৈঠকে উপস্থিত একাধিক নেতা জানান, মেহেরপুর পৌর আওয়ামী লীগের কোন্দল নিয়ে সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক আক্কাস আলীর কথা শোনেন। এসময় উভয়ই

পাল্টাপাল্টি কমিটি গঠণের বিষয়ে তাদের মতামত তুলে ধরেন। কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক উভয়ের কথা শোনেন এবং নেতাকর্মীদের সাথে আন্তরিকতার সাথে বলেন কোন্দল নিরসণ করেই শান্তিপূর্ণভাবে মেহেরপুরের সম্মেলন গুলো করা হবে। আগামিকাল সকাল ১১ টায় আবার মিটিংয়ে বসা হবে।
প্রসঙ্গত, গতকাল ১৯ মার্চ মেহেরপুর পৌর আওয়ামী লীগ, আজ গাংনী উপজেলা আওয়ামী লীগ, আগামীকাল সদর উপজেলা আওয়ামী লীগ ও ২২ মার্চ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। সম্মেলনকে ঘিরে সকল প্রস্তুতিও সম্পন্ন করছিলো ইউনিটগুলো। মেহেরপুর পৌর আওয়ামী লীগের ওয়ার্ড সম্মেলনকে কোন্দল ও পাল্টা পাল্টি কমিটি করায় সকল সম্মেলন স্থগিত করে দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক। এবং গতকাল ১৯ মার্চ রাতে বৈঠক করে সিদ্ধান্ত নেওয়ার কথা ছিলো। তার অংশ হিসেবে গতকাল রাতে জেলার নেতাদের সাথে বৈঠকে বসেন তিনি।

মুজিবনগরের মোনাখালী ইউপির ওয়ার্ডে আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন ও কমিটি গঠন

মুজিবনগর মোনাখালী ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত। শুক্রবার রাতে ভবানীপুর ফুটবল খেলার মাঠে ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ত্রি-বার্ষিক সম্মেলনে, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি সাইফুল ইসলাম এর সভাপতিত্ব এবং মোনাখালি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলীর সঞ্চালনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের (সাবেক) প্রশাসক ও জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি এড মিয়াজান আলী।

ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল,মেহেরপুর পৌর আওয়ামীলীগের সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান এড ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের ((সাবেক) সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম মন্ডল,

জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি বেলাল হাসান বিপ্লব।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান নান্নু, সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টুর, বাগোয়ান ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন মল্লিক, বিশিষ্ঠ ব্যাবস্যায়ী ও উপজেলা কাচাঁ মাল ব্যাবস্যায়ী সমিতির সভাপতি সোহেল রানা।

ত্রি বার্ষিকী সম্মেলন শেষে দ্বিতীয় অধিবেশনে, বর্তমান ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গুলোকে বিলুপ্তি ঘোষণা করে জনগণের রায়ের নতুন ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়। কমিটিতে,

৩নং ওয়ার্ডের আরজান আলীকে সভাপতি ও ফজলু হককে সাধারণ সম্পাদক, ৪ নং ওয়ার্ডের মহিবুল হককে সভাপতি ও আশরাফুল ইসলাম সাধারণ সম্পাদক ৫ নং ওয়ার্ডের জাহাঙ্গীর আলম মিঠুকে সভাপতি ও আলমগীর হোসেনকে সাধারণ সম্পাদক, ৬ নং ওয়ার্ডের রুহুল গাজীকে সভাপতি ও আজমত বিশ্বাসকে সাধারণ সম্পাদক,৭ নং ওয়ার্ডের সোহরাব উদ্দিন গাইনকে সভাপতি ও চাঁদ আলীকে সাধারণ সম্পাদক ৮ নং ওয়ার্ডের হাবিবুর রহমানকে সভাপতি ও হেলাল উদ্দিন সাধারণ সম্পাদক,৯ নং ওয়ার্ডের টুটুল মিয়াকে সভাপতি
ও আনিছ উদ্দিনকে সাধারণ সম্পাদক করে মোনাখালী ইউনিয়নের ৭টি ওয়ার্ড আওয়ামী লীগের নতুন কমিটি ঘোষণা করা হয়।

সেই সাথে একাধিক প্রার্থী হওয়ার কারণে মোনাখালী ইউনিয়নের ১ ও ২ নং ওয়ার্ডের কাউন্সিল পরবর্তী তারিখ দিয়ে মোনাখালী গ্রামে জনসম্মুখে জনগণের রায় নিয়ে ঘোষণা করা হবে বলে জানান নেতৃবৃন্দ।

মেহেরপুর যুবলীগের যুব সমাবেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটির নির্দেশনায় মেহেরপুর জেলা যুবলীগের যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের মিলনায়তনে এ যুব সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে প্রধান যুব সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ গোলাম রসূল।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানে সঞ্চালনায়, প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী।

অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য মোঃ আসকার আলী।

এছাড়াও আওয়ামী লীগ নেতা আব্দুল মান্নান, যুবলীগ নেতা সাজেদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, সাবেক ছাত্রলীগ নেতা মাহফুজুর রহমান পলেন, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, নিসান সাবের প্রমুখ এ সময় বক্তব্য রাখেন।

গাংনী উপজেলা আওয়ামী লীগের

[redacted]

[redacted]

[redacted]

[

আওয়ামী লীগসহ অন্যান্য ইউনিটের সম্মেলন !

পিছিয়ে যাচ্ছে মেহেরপুর পৌর আওয়ামী লীগসহ জেলার অন্যান্য ইউনিটের সম্মেলনের দিন। আওয়ামী লীগের কয়েকটি সূত্র থেকে এটা নিশ্চিত হওয়া গেছে। পূর্ব নির্ধারিত ১৯ মার্চ মেহেরপুর পৌর আওয়ামী লীগের সম্মেলন হওয়ার কথা ছিলো। এছাড়া ২০ মার্চ গাংনী উপজেলা, ২১ মার্চ সদর উপজেলা ও ২২ মার্চ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হওয়ার দিন ধার্য রয়েছে। তবে মেহেরপুর পৌর আওয়ামী লীগ ও সদর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন হচ্ছে না তা প্রায়ই নিশ্চিত। গাংনী ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন হবে কী না তা এখনো নিশ্চিত হওয়া যায়নি।
খোঁজ নিয়ে জানা গেছে, সম্মেলনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বিভাগীয় সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক সাংগঠনিক ভাবে এ বিভাগের দায়িত্ব পালন করছেন। ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হবে ১৯ মার্চ। ২১ মার্চ চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলা সম্মেলন অনুষ্ঠিত হবে। ওই দুই স্থানে তিনি উপস্থিত থাকবেন। ফলে পৌর আওয়ামী লীগের সম্মেলন, সদর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনেকটা অনিশ্চিত।
আওয়ামী লীগের কয়েকটি সূত্র থেকে জানা গেছে, কোটচাঁদপুরের সম্মেলন শেষ করে সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেলহক সহ কেন্দ্রীয় নেতারা মেহেরপুরে আসবেন। রাতে মেহেরপুরের আওয়ামী লীগ নেতাদের সাথে সম্মেলন পূর্বক জরুরী আলোচনায় বসবেন। আলোচনা শেষে নতুন করে সম্মেলনের তারিখ নির্ধারণ করা হবে। আলোচনায় মেহেরপুরের বর্তমান রাজনৈতিক কোন্দল মেটানো, গ্রপিং মেটানোসহ দলকে সুসংগঠতি করার বিষয়েও আলোচনা হবে বলে শোনা যাচ্ছে।
নাম প্রকাশ না করার শর্তে আওয়ামী লীগের একাধিক নেতা জানান, সম্প্রতি মেহেরপুর জেলা আওয়ামী লীগসহ অন্যান্য সকল ইউনিটে প্রকাশ্যে কোন্দল, গ্রুপিংয়ের বিষয়টি কেন্দ্রীয় নেতাদের নজরে গিয়েছে। যে কারণে কোন্দল ও গ্রুপিং মিটিয়ে যাতে দলকে সুসংগঠতি করা যায় সে লক্ষ্যে কেন্দ্রীয় নেতারা জেলা নেতাদের সাথে বসবেন। ফলপ্রসু আলোচনা হলে নতুন করে সম্মেলনের দিন ঠিক করা হতে পারে। এদিকে বারবার সম্মেলন পিছিয়ে যাওয়ায় নেতাকর্মীদের মাঝে হতাশা কাজ করছে। মেহেরপুর পৌর আওয়ামী লীগের সম্মেলন বার বার পিছিয়ে যাওয়ায় ওই কমিটি ১৮ বছর ধরে চলছে। গাংনী উপজেলা কমিটির অবস্থায় একই রকম।

সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা কমিটিরও মেয়ার শেষ হয়েছে অনেক আগে। ইউনিটগুলোর সম্মেলন না হলে পিছিয়ে যাবে জেলা কমিটির সম্মেলন। জেলা কমিটির মেয়াদ ৭বছর হতে চলেছে। সম্মেলনকে ঘিরে নেতাকর্মীদের মাঝে উৎসাহ উদ্দীপনা শুরু হয়েছে। বারবার পিছিয়ে গেলে সেই উৎসাহ উদ্দীপনা হিারয়ে যাবে। দলের সাংগঠনিক কার্যক্রম আরো গ্রুপিংয়ে পরিণত হবে। এমনটিই বলছেন তৃণমূলের নেতাকর্মীরা।
মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল জানান, ১৯ মার্চ রাতে বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মোজাম্মেল হক মেহেরপুরে আসবেন এবং দলীয় নেতাদের সাথে বসবেন। তারপর সম্মেলনের নতুন তারিখ ঘোষণা করবেন। তবে এ মাসেই সম্মেলন হওয়ার সম্ভাবনা বেশি বলে তিনি মন্তব্য করেন।
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি অ্যাড. মিয়াজান আলী জানান, পূর্ব নির্ধারিত দিনে মেহেরপুর পৌর আওয়ামী লীগসহ অন্যান্য ইউনিটের সম্মেলন হচ্ছে না এটা প্রায় নিশ্চিত। তবে ১৯ মার্চ সাংগঠনিক সম্পাদক আসবেন এবং আমাদের সাথে বসবেন এমন কথা তিনি আমাকে জানিয়েছেন। দলকে সুসংগঠতি করার লক্ষ্যে তিনি সকল নেতাদের নিয়ে বসবেন। তারপর তিনি নতুন করে সম্মেলনের দিন নির্ধারণ করবেন। এ বিষয়ে বাংলাদেশ আওয়ামী লীগের খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হকের সাঁথে যোগাযোগ করার চেষ্টা করা হলে ফোন রিসিভ না করায় কথা বলা সম্ভভ হয়নি।

স্বাধীনতা পুরস্কার পাচ্ছেন মরহুম ছহিউদ্দিন বিশ্বাস

জাতীয় পর্যায়ে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে গৌরবোজ্জল ও কৃতিত্ত্বপূর্ণ অবদান রাখায় স্বাধীনতা পুরস্কার-২০২২ পাচ্ছেন মরহুম ছহিউদ্দিন বিশ্বাস।

মরহুম ছহিউদ্দিন বিশ্বাস জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপির পিতা এবং তৎকালীন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন। তিনি দুই বার সংসদ সদস্য ছিলেন। ১৯৭০ সালের নির্বাচনে এমএলএ নির্বাচিত হয়েছিলেন।

আজ মন্ত্রী পরিষদের বিভাগের এক প্রেস বিজ্ঞিপ্তিতে এ তথ্য জানা গেছে। একই সঙ্গে আরো ৯ ব্যক্তি ও একটি প্রতিষ্ঠান এ পুরস্কারে ভূষিত হয়েছে।

স্বাধীনতা পুরস্কারে ভূষিত অন্যরা হলেন- স্বাধীনতা ও মুক্তিযুদ্ধে বীর মুক্তিযোদ্ধা ইলিয়াস আহমেদ চৌধুরী, শহীদ কর্ণেল নাজমুল হুদা (বীর বিক্রম), আব্দুল জলিল, সিরাজ উদ্দিন আহমেদ, মরহুম সিরাজুল হক, চিকিৎসাবিদ্যায় অধ্যাপক ডা. কণক কান্তি বড়ুয়া, অধ্যাপক ডা. মো: কামরুল ইসলাম, সাহিত্যে মরহুম আমির হামজা, স্থাপত্যে স্থপতি সৈয়দ আইনুল হোসেন এবং গবেষণা ও প্রশিক্ষণে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডাব্লিউএমআরআই)।

গাংনীর এমপিকে আওয়ামী লীগ থেকে অপসারণের দাবিতে স্মারকলিপি প্রদান

রাজাকারের সন্তান উল্লেখ করে গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনকে আওয়ামী লীগ থেকে অপসারণের দাবি করেছেন কতিপয় স্থানীয় নেতা।

আজ রবিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের মাধ্যমে তারা প্রধানমন্ত্রীর কাছে দাবি সম্বলিত একটি স্মারকলিপি প্রদান করেন। বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফ ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ইসমাইল হোসেন স্বাক্ষরিত একটি স্মারকলিপি দেওয়া হয়।

এসময় মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন, যুবলীগ নেতা মজিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

প্রতি যেমন ভালবাসার কথাগুলো মুখে মুখে বয়ে বেড়াচ্ছেন। ঠিক তেমনী বিভিন্ন সময়ে পাওয়া না পাওয়া নিয়ে অনেকের সাথে অনেকের মাঝে বেড়েছে দুরত্ব। তৃণমুলের নেতা কর্মীদের সাথে উপজেলা পর্যায়ের নেতা কর্মীদের মাঝে পুঞ্জভূত ক্ষোভেরও সৃষ্টি হয়েছে।

ভোটের হিসেব নিকেশ সব মিলিয়ে গাংনীর সম্ভাব্য প্রার্থীরা এখন ছুটছেন তৃণমুলের নেতা কর্মীদের সাথে ভাব লাভ বাড়ানোর জন্য। তবে ভোটের মাধ্যমে তাদের নেতা নির্বাচিত হবেন নাকি কেন্দ্র থেকে তৃণমুলের নেতা কর্মীদের উপেক্ষা করে কেন্দ্র থেকে পাঠানো প্রেসক্রিপশন দিয়ে নেতা চাপিয়ে দেবেন এ নিয়ে আওয়ামী লীগের রাজনৈতিক অঙ্গণ এখন বেশ উত্তপ্ত হয়ে পড়েছে।

তবে, দলীয় কাউন্সিলররা সরাসরি ভোটের দাবী করেছেন আওয়ামী লীগ সভাপতি গণতন্ত্রের মানষ কন্য শেখ হাসিনার কাছে। তারা বলেছেন, দীর্ঘদিন পর কাউন্সিলর অনুষ্ঠিত হবে। অতএব প্রত্যক্ষ ভোট দিতে চাই আমরা। ভোটের মাধ্যমেই আমরা আমাদের দলীয় নেতা নির্বাচিত করবো।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সর্বশেষ কাউন্সিল হয়েছিলো ২০০৪ সালের মার্চ মাসে। নির্বাচনে বর্তমান উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বিপুল ভোটে সভাপতি নির্বাচিত হন। আর সাধারণ সম্পাদক নির্বাচিত হন বর্তমান মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এই কাউন্সিলের আগে গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ছিলেন মরহুম এনামুল হক ও সাধারণ সম্পাদক ছিলেন এম এ খালেক।

পরে ২০১৫ সালে মেহেরপুর সামসুজ্জোহা পার্কে জেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কাউন্সিলে কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্তমান সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেনকে সভাপতি ও এমএ খালেককে সাধারণ সম্পাদক হিসেবে নাম ঘোষণা করে আংশিক কমিটির নাম ঘোষণা করেন। পরে এম এ খালেক গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের পদ ছেড়ে দেন। সেই থেকে গোলামে মোস্তফা গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়ীত্ব পালন করে আসছেন।

দীর্ঘ প্রায় আঠার বছর পর ২০ মার্চ গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্মেলনকে ঘীরে ইতোমধ্যে পোস্টার-ব্যানারে ছেয়ে গেছে পুরো উপজেলা শহরসহ

বিভিন্ন গুরুত্বপূরর্ণ স্থান।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি-সম্পাদকসহ গুরুত্বপূর্ণ পদগুলোতে কে কোন পদে স্থান পাচ্ছেন এ নিয়ে চলছে নানা জল্পনা- কল্পনা।

২০ মার্চ গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে হবে এই ত্রিবার্ষিক সম্মেলন। সেখানে চলছে নানা প্রস্তুতি। উপজেলা শহরের বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, শহরের প্রতিটি প্রবেশপথ থেকে শুরু করে সম্মেলনস্থল পর্যন্ত পোস্টার-ব্যানারে ঠাসা সড়কগুলো। ট্রাফিক আইল্যান্ড থেকে বৈদ্যুতিক তারের খুঁটি, কোথাও জায়গা খালি নেই আর। পুরো শহর এখন রঙিন বিলবোর্ডের দখলে।

দলীয় নেতা-কর্মীরা বলেন, ২০০৪ সালের মার্চ মাসে সর্বশেষ গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আওয়ামী লীগ সূত্রে জানা গেছে, বেলা ১১টায় কেন্দ্রীয় আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মো. জাফর উল্ল্যাহ চৌধুরী, বাহাউদ্দীন নাছিম, খুলনা বিভাগীয় সাংগাঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, আওয়ামীলীগের কেন্দ্রীয় নেত্রী কল্পনা খাতুনসহ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ সম্মেলনের উদ্বোধন করবেন বলে কথা রয়েছে।

নতুন কমিটিতে সভাপতি ও সম্পাদক পদ কে পাবেন, তা নিয়ে নেতা- কর্মীদের মধ্যে বেশি আলোচনা চলছে। উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক পদ দুটিতে পদে প্রায় ২০ জনের নাম আলোচনায় রয়েছেন।

তাঁদের মধ্যে সভাপতি পদের ‘হেভিওয়েট’ প্রার্থী দলের বর্তমান সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। এ ছাড়া আরও আলোচনার রয়েছেন জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, সাবেক এমপি নুরুল হকের ছেলে ডা. নাজমুল হক সাগর, বর্তমান গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, সাবেক ছাত্র নেতা রিয়াজ আহমেদ, অ্যাডভোকেট শফিকুল আলমসহ বেশ কয়েকজনের নাম শোনা যাচ্ছে।

অন্যদিকে সাধারণ সম্পাদক পদে বেশি আলোচনায় আছেন দলের বর্তমান সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মকলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা

সাহিদুজ্জামান খোকন বিগত একাদশ নির্বাচনে দলীয় মনোনয় পাওয়ার পর দীর্ঘ ৩২ বছর পর আওয়ামী লীগের নৌকা জয়ের মুখ দেখেছে। সবশেষ ১৯৮৬ সালের সাধারণ নির্বাচনে নুরুল হক আওয়ামী লীগের দলীয় সাংসদ নির্বাচিত হয়েছিলেন। তারপর থেকে মেহেরপুর-২ (গাংনী)আসনটি ছিলে বিএনপি ও স্বতন্ত্র প্রার্থীর দখলে। মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি নির্বাচিত হওয়ার পর বিগত দিনে স্থানীয় উপজেলা পরিষদ নির্বাচন, পৌর নির্বাচন ও ইউনিয়ন পরিষদ নির্বাচনগুলোতে আওয়ামী লীগের দলীয় প্রার্থীরা বিপুল ভোটে নির্বাচিত হয়েছেন। আর এটা গাংনী উপজেলা আওয়ামী লীগের এই মেয়াদ উত্তীর্ণ কমিটির সফলতা হিসেবেই দেখছেন কমিটির নেতৃবৃন্দ।

মেহেরপুরে আওয়ামী লীগের ৪টি ইউনিটের সম্মেলন ১৯ থেকে ২২ মার্চ

আগামী ১৯ মার্চ মেহেরপুর শহর, ২০ মার্চ সদর উপজেলা আওয়ামী লীগ, ২১ মার্চ গাংনী উপজেলা আওয়ামী লীগ ও ২২ মার্চ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হবে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদ কমপ্লেক্স মিলনায়তনে জেলা আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে আওয়ামী লীগের একাধিক সূত্রে জানা গেছে।

জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সাধারণ সম্পাদক এম এ খালেক, সহসভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, এম এ হালিম, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন চুন্নু।

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এম এ হালিম বলেন, আগামী ১৯ মার্চ মেহেরপুর শহর, ২০ মার্চ সদর উপজেলা আওয়ামী লীগ, ২১ মার্চ গাংনী

উপজেলা আওয়ামী লীগ ও ২২ মার্চ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সম্মেলন করার সিদ্ধান্ত হয়েছে। এছাড়া এর মধ্যে যে কয়টি ইউনিয়নে সম্মেলন হয়নি সেগুলো এরই মধ্যে শেষ করার জন্য স্ব স্ব কমিটিকে দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি আরো বলেন, আওয়ামী লীগের সকল নেতাকর্মীকে সরকারের উন্নয়ন নিয়ে জনগেণের সামনে তুলে ধরা এবং আইন মেনে কর্মকাণ্ড পরিচালনা করার নির্দেশনা দেওয়া হয়।